গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা
www.dshe.gov.bd

স্মারক নং:৩৭.০২.০০০০.১১০.০৫.৬৩.২০১৮-৬৪৪ তারিখ: ২৭/০৯/২০২২ খ্রি.

সভার কার্যবিবরণী

জাতীয় শুদ্ধাচার কৌশল কার্যক্রম বাস্তবায়নের অংশ হিসেবে অংশীজনের একটি সভা ২৬/০৯/২০২২ তারিখ দুপুর ৩:০০ ঘটিকায় মহাপরিচালক মহোদয়ের সভাপতিত্বে ভার্চুয়ালি অনুষ্ঠিত হয়। সভাপতি মহোদয় সকলকে স্বাগত জানিয়ে সভার আলোচ্যসূচি অনুযায়ী সভায় উপস্থিত সকলকে মতামত প্রদানের জন্য আহবান করেন।

| ক্র নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা |
|---|---|---|---|---|
| ১. | প্রশ্নপত্র ফাঁস রোধে করণীয় নির্ধারণ | পরিচালক প্রশিক্ষণ মহোদয় বলেন, দুর্নীতি দমন কমিশনের সুপারিশের আলোকে কার্যক্রম গ্রহণ করার জন্য মন্ত্রণালয় স্মারক নং৩৭.০০.০০০০.০৭৫.০৫.০০২.২২-১৭০ তারিখ ০১ সেপ্টেম্বর ২০২২ মোতাবেক ২৬ মে ২০২২ তারিখে অনুষ্ঠিত মন্ত্রণালয়ের সমন্বয়সভার সিদ্ধান্ত বাস্তবায়নের জন্য নির্দেশনা প্রদান করে পত্র প্রদান করা হয়েছে।<br>তিনি সভার উদ্দেশ্য বলেন দুর্নীতি দমন কমিশনের সুপারিশের আলোকে প্রশ্নপত্র ফাঁস রোধে করণীয় নির্ধারনের সুপারিশমালা প্রণয়ন করে মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। এলক্ষ্যে আজকের সভায় এই আলোচ্যসূচি রাখা হয়েছে। পরিচালক (কলেজ ও প্রশাসন) মহোদয় প্রথমে মাধ্যমিক বিদ্যালয়ের প্রতিনিধিদের মধ্য থেকে মতামত কামনা করেন। যশোর জিলা স্কুলের প্রধান শিক্ষক মহোদয় বলেন পরীক্ষার প্রশ্নপত্র সর্টি করার সময় একজন ট্যাগ অফিসার নিযুক্ত করা যেতে পারে।<br>উপ-পরিচালক (মাধ্যমিক) ,খুলনা অঞ্চল বলেন পরীক্ষা কেন্দ্র কে সি.সি.টি.ভির আওতায় নিয়ে আসা যেতে পারে।<br>আঞ্চলিক পরিচালক (ময়মনসিংহ) কেন্দ্র সংখ্যা কমিয়ে আনার উপর গুরত্বারোপ করেন। | ১.প্রশ্নপত্র ফাঁস রোধে করণীয় নির্ধারণে দ্রুততম সময়ের মধ্যে কর্মশালার আয়োজন করা | সহকারী পরিচালক (প্রশিক্ষণ-৩) |

| | | | | |
|---|---|---|---|---|
| | | আঞ্চলিক পরিচালক (বরিশাল) একটি স্বতন্ত্র পরীক্ষা কেন্দ্র স্থাপনের বিষয়ে মতামত প্রদান করেন।<br>পরিচালক (কলেজ ও প্রশাসন) মহোদয় প্রাপ্ত মতামতের ভিত্তিতে একটি কর্মশালা আয়োজন করে সুপারিশমালা প্রণয়নের প্রস্তাব করেন। সভায় উপস্থিত সকল সদস্য এতে একমত পোষণ করেন। | | |
| ২. | শ্রেণিকক্ষে নিয়মিত পাঠদান নিশ্চিতকরণ | পরিচালক (প্রশিক্ষণ) মহোদয় বলেন, করোনাকালীন সময়ে আমাদের শ্রেণিকক্ষে নিয়মিত পাঠদান বন্ধ ছিলো। এখন আমাদের শ্রেণি কার্যক্রম পুরোদমে চলমান রয়েছে। আমাদের শ্রেণিকক্ষে নিয়মিত পাঠদানের বিষয়টি নিশ্চিত করতে হবে। পরিচালক (মনিটরিং এন্ড ইভ্যালুয়েশন) বলেন আমাদের মাঠ পর্যায়ের কর্মকর্তাদের পরিদর্শন কার্যক্রম জোরদার করতে হবে।<br>সভায় উপস্থিত সকলে এ বিষয়ে একমত পোষণ করেন। | ১. শ্রেণিকক্ষে নিয়মিত পাঠদান নিশ্চিতকরণের জন্য মাঠ পর্যায়ের কর্মকর্তাদের পরিদর্শন কার্যক্রম জোরদার করণ | ১.সকল আঞ্চলিক পরিচালক ও আঞ্চলিক উপ-পরিচালক (মাধ্যমিক) |

সভায় আর কোন আলোচ্যসূচি না থাকায় সভাপতি মহোদয় সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বা/-
(অধ্যাপক নেহাল আহমেদ)
মহাপরিচালক

স্মারক নং:৩৭.০২.০০০০.১১০.০৫.৬৩.২০১৮-৬৪৪
তারিখ: ২৭/০৯/২০২২ খ্রি.

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো:

১.পরিচালক (কলেজ ও প্রশাসন), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা।
২.পরিচালক (মাধ্যমিক) মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা।
৩.পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন) মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা।
৪.পরিচালক (প্রশিক্ষণ) মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা।
৫.পরিচালক (মনিটরিং ও ইভ্যালুয়েশন) মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা।
৬.পরিচালক (ফিন্যান্স এন্ড প্রকিউরমেন্ট) মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা।
৭. আঞ্চলিক পরিচালক (সকল) অঞ্চল মাধ্যমিক ও উচ্চ শিক্ষা ।
৮. আঞ্চলিক উপ-পরিচালক (মাধ্যমিক, সকল অঞ্চল ) মাধ্যমিক ও উচ্চ শিক্ষা ।
৮. জেলা শিক্ষা অফিসার (সকল জেলা।
৯. উপজেলা/ থানা মাধ্যমিক শিক্ষা অফিসার (সকল)
১০. পি এ টু মহাপরিচালক (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য) মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা।
১১.সংরক্ষণ নথি ।

27/09/22
(মোঃ আনোয়ারুল আউয়াল খান)
সহকারী পরিচালক (প্রশিক্ষণ-৩)
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ,ঢাকা

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা
www.dshe.gov.bd
প্রশিক্ষণ উইং

স্মারক নং:৩৭.০২.০০০০.১১০.০৫.৬৩.২০১৮-৬৪১ তারিখ: ২২ /০৯/২০২২ খ্রি.

সভার কার্যবিবরণী

জাতীয় শুদ্ধাচার বাস্তবায়নের লক্ষ্যে ''নৈতিকতা কমিটির" একটি সভা ২২/০৯/২০২২ খ্রি রোজ বৃহস্পতিবার সকাল ১০.০০ ঘটিকায় মহাপরিচালক মহোদয়ের সভাপতিত্বে তাঁর সভাকক্ষে অনুষ্ঠিত হয়। সভায় নৈতিকতা কমিটির সদস্যগণ উপস্থিত ছিলেন। মহাপরিচালক মহোদয় উপস্থিত সদস্যদের শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। পরিচালক (প্রশিক্ষণ) ও সদস্য সচিব নৈতিকতা কমিটি সভার আলোচ্যসূচি তুলে ধরেন। মহাপরিচালক মহোদয় সদস্যদের আলোচ্যসূচি অনুযায়ী বিস্তারিত আলোচনার আহবান জানান। বিস্তারিত আলোচনা শেষে সর্বসম্মতিক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্ত সমূহ গৃহীত হয়।

| ক্র নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা |
|---|---|---|---|---|
| ১. | জ্বালানী ও বিদ্যুৎ ব্যবহারে সাশ্রয়ী কার্যক্রম গ্রহণ সংক্রান্ত | পরিচালক (প্রশিক্ষণ) মহোদয় সভার উদ্দেশ্য বলেন, জ্বালানী ও বিদ্যু সাশ্রয়ের জন্য অর্থ মন্ত্রণালয় থেকে ০৭.১০১.০২০.০০.০০.০০১.২০০৯-১৬ তারিখ:২১ জুলাই ২০২২ মোতোবেক জ্বালানী ও বিদ্যুৎ ব্যবহারে ব্যয় হ্রাস করার জন্য পরিপত্র জারী করেছে। সে মোতাবেক আমাদের সরকারি গাড়ির জ্বালানী বরাদ্দের সর্বোচ্চ ৮০% ব্যবহার করা যাবে এবং বিদ্যুতের ব্যবহার ২৫% কম করতে হবে।<br>পরিচালক (কলেজ ও প্রশাসন) সভার উদ্দেশ্য বলেন, সরকারি গাড়ির জ্বালানী ও বিদ্যুৎ ব্যবহারের সাশ্রয়ী হওয়ার যে,পরিপত্র জারী হয়েছে তার আলোকে আমাদের অধিদপ্তর ইতোমধ্যে কার্যক্রম গ্রহণ করেছে। স্মারক নং ৩৭.০২.০০০০.১০১.২৬.০০১.২০২২.১৮২৪১/১০ তারিখ: ২৪/০৭/২০২২ মোতাবেক মাঠ পর্যায়ে নির্দেশনা প্রদান করা হয়েছে। মহাপরিচালক মহোদয় সভার উদ্দেশ্য বলেন প্রত্যেক পরিচালক মহোদয় তার উইং এর বিদ্যুৎ ব্যবহারের বিষয়টি মনিটরিং করবেন এবং মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত পরিপত্রটি অনুসরণ করার বিষয়টি মনিটরিং করবেন। সভায় উপস্থিত সদস্যগণ এ বিষয়ে একমত পোষণ করেন। | ১. সকল পরিচালক তার স্ব স্ব উইং এর বিদ্যুৎ ব্যবহারের বিষয়টি মনিটরিং করবেন। | ১.পরিচালক (সকল) |
| ২. | দুর্নীতি দমন কমিশনের সুপারিশের আলোকে | পরিচালক প্রশিক্ষণ মহোদয় বলেন, দুর্নীতি দমন কমিশনের সুপারিশের আলোকে কার্যক্রম গ্রহণ করার জন্য মন্ত্রণালয় স্মারক নং৩৭.০০.০০০০.০৭৫.০৫.০০২.২২-১৭০ | ১. প্রশ্নপত্র ফাঁস রোধে করণীয় নির্ধারনের জন্য কমিটি গঠন করা | ২.১ পরিচালক (কলেজ ও প্রশাসন)<br>২.২ পরিচালক (প্রশিক্ষণ) |

| | | | | |
|---|---|---|---|---|
| | কার্যক্রম গ্রহণ সংক্রান্ত | তারিখ ০১ সেপ্টেম্বর ২০২২ মোতাবেক ২৬ মে ২০২২ তারিখে অনুষ্ঠিত মন্ত্রণালয়ের সমন্বয়সভার সিদ্ধান্ত বাস্তবায়নের জন্য নির্দেশনা প্রদান করে পত্র প্রদান করা হয়েছে। তিনি সভার উদ্দেশ্যে বলেন দুর্নীতি দমন কমিশনের সুপারিশের আলোকে প্রশ্নপত্র ফাঁস রোধে করণীয় নির্ধারণের সুপারিশমালা প্রণয়ন করে মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। যেসকল উপজেলায় দুটো পরীক্ষা কেন্দ্র রয়েছে তার তালিকা মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। সভাপতি মহোদয় বলেন যে, প্রশ্নপত্র ফাঁস রোধে সুপারিশ মালা প্রণয়ন করতে হলে বোর্ডের সাথে সমন্বয় করতে হবে। সেক্ষেত্রে ০১ টি কমিটি গঠন করা যায় যেখানে বিভিন্ন বোর্ডের প্রতিনিধি সহ মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের কর্মকর্তাগণ সদস্য থাকবেন। তাঁদের সুপারিশের আলোকে করণীয় নির্ধারণ করা হবে। এছাড়া প্রশ্নপত্র ফাঁস রোধে করণীয় নির্ধারনের জন্য সকল স্টেক হোল্ডারদের নিয়ে একটি কর্মশালা আয়োজন করা যেতে পারে। সভার সদস্যগণ এ বিষয়ে একমত পোষণ করেন। পরিচালক (প্রশিক্ষণ) মহোদয় বলেন আগামী অংশীজন সভার আলোচ্যসূচিতে প্রশ্নপত্র ফাঁস রোধে করণীয় নির্ধারণের বিষয়টি আলোচ্যসূচিতে অন্তর্ভুক্ত করা যায়। সভায় উপস্থিত সদস্যগণ এ বিষয়ে একমত পোষণ করেন।<br>পরিচালক (প্রশিক্ষণ) মহোদয় বলেন শ্রেণিকক্ষে নিয়মিত পাঠদান নিশ্চিত করার একটি নির্দেশনা ছিলো। সভাপতি মহোদয় বলেন পরবর্তী অংশীজন সভায় বিষয়টি আলোচ্যসূচিতে অন্তর্ভুক্ত করা যায় এবং মাঠ পর্যায়ের সকল দপ্তরের প্রতিনিধি এবং আঞ্চলিক পরিচালক এবং আঞ্চলিক উপ-পরিচালক (মাধ্যমিক) পর্যায়ের সকল কর্মকর্তাকে অনলাইনে সংযুক্ত করে অংশীজনের সভাটি আহবান করা যায়।<br>সভার সদস্যগণ এ বিষয়ে একমত পোষণ করেন। | ২. প্রশ্নপত্র ফাঁসরোধ এবং শ্রেণিকক্ষে নিয়মিত পাঠদান নিশ্চিতকরণে সুপারিশমালা প্রণয়নে কর্মশালার আয়োজন করা।<br>৩. প্রশ্নপত্র ফাঁস রোধে করণীয় নির্ধারণ এবং শ্রেণিকক্ষে নিয়মিত পাঠদান নিশ্চিত করার বিষয়টি আলোচনার জন্য অংশীজন সভার আলোচ্যসূচিতে অন্তর্ভুক্ত করা। | ২.৩ ফোকাল পয়েন্ট, শুদ্ধাচার কৌশল কার্যক্রম বাস্তবায়ন কমিটি |

| | | | | |
|---|---|---|---|---|
| ৩. | বিবিধ | মহাপরিচালক মহেদায় মহিলা সহকর্মীদের জন্য পৃথক ওয়াশব্লকের কার্যক্রমের অগ্রগতি সম্পর্কে জানতে চান। পরিচালক (কলেজ ও প্রশাসন) মহোদয় বলেন ইতোমধ্যে সবগুলো ফ্লোরে মহিলাদের জন্য পৃথক ওয়াশব্লকের ব্যবস্থা করা হয়েছে। | | |

সভায় আর কোন আলোচ্যসূচি না থাকায় সভাপতি মহোদয় সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বা/-
( অধ্যাপক নেহাল আহমেদ)
মহাপরিচালক

স্মারক নং:৩৭.০২.০০০০.১১০.০৫.৬৩.২০১৮- ৬৪১ তারিখ: ২২ /০৯/২০২২ খ্রি

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো:

১. পরিচালক (কলেজ ও প্রশাসন),মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা।
২.পরিচালক (মাধ্যমিক) ,মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা।
৩.পরিচালক (প্রশিক্ষণ) ,মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা।
৪. পরিচালক(পরিকল্পনা ও উন্নয়ন) , মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা।
৫. পরিচালক (মনিটরিং ও ইভ্যালুয়েশন) মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা।
৬.পরিচালক (ফিন্যান্স এন্ড প্রকিউরমেন্ট) মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা।
৭. পি এ টু মহাপরিচালক (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য) মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা।
৮.সংরক্ষণ নথি

22/09/2022
(মোঃ আনোয়ারুল আউয়াল খান)
সহকারী পরিচালক (প্রশিক্ষণ-৩)
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ,ঢাকা